

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫১৯

১/ বিবিধ

আরবী

إن هاتين صامتا عما أحل الله، وأفطرتا على ما حرم الله عز وجل عليهما، جلست  
إحداهما إلى الأخرى، فجعلتا تاكلان لحوم الناس  
ضعيف

رواه أحمد (5 / 431) عن رجل عن عبيد مولى رسول الله صلى الله عليه وسلم: " أن  
امرأتين صامتا، وأن رجلا قال: يا رسول الله: إن ها هنا امرأتين قد صامتا وإنهما  
كادتا أن تموتا من العطش، فأعرض عنه أو سكت، ثم عاد، وأراه قال بالهاجرة قال: يا  
نبي الله إنهما والله قد ماتتا أو كادتا أن تموتا، قال: دعهما، قال: فجاءتا، قال: فجيء  
بقدر أو عس، فقال لإحداهما: قيئي، فقاءت قيحا أو دما وصديدا ولحما، حتى قاءت  
نصف القدح ثم قال للأخرى: قيئي، فقاءت من قيح ودم وصديد ولحم عبيط وغيره  
حتى ملأت القدح، ثم قال: فذكره

وهذا سند ضعيف بسبب الرجل الذي لم يسم. وقال الحافظ العراقي (1 / 211) إنه  
مجهول ورواه الطيالسي (1 / 188) عن أنس فقال: حدثنا الربيع عن يزيد عنه

قلت: وهذا سند ضعيف جدا، الربيع هو ابن صبيح ضعيف. ويزيد هو ابن أبان  
الرقاشي وهو متروك

বাংলা

৫১৯। এই দুই নারী হালাল বস্তু পানাহার করা হতে সওম পালন করেছে। আর আল্লাহ তাদের উপর যা কিছু হারাম করেছেন তা দ্বার তারা ইফতার করেছে। একজন আরেকজনের নিকটে বসেছে এবং তারা দু'জনে মানুষের মাংস খাওয়া শুরু করেছে।

হাদীছটি দুর্বল।

এটি ইমাম আহমাদ (৫/৪৩১) এক ব্যক্তি হতে ... বর্ণনা করেছেন। নাম না নেয়া ব্যক্তির কারণে এটির সনদটি দুর্বল। হাফিয ইরাকী বলেনঃ তিনি মাজহুল। হাদীছটি তায়ালিসী আনাস (রাঃ) হতে বর্ণনা করেছেন। যার সূত্রে আর-রাবী' ইবনু সুবাইহ ইয়াযীদ হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। রাবী' ইবনু সুবাইহ দুর্বল আর তার শাইখ ইয়াযীদ ইবনু আবান আর-রুকাশী হচ্ছেন মাতরুক।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71398>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন